



স্মারক নং- ইআরি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৪১

০১ পৌষ ১৪২৭ বঙ্গবন্ধু

তারিখ: ১৬ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

৩০ রবিউস সানি, ১৪৪২ হিজরী

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### সংবাদ বিজ্ঞপ্তি

## মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পুস্প স্মৃতিক অর্পণ

মহান বিজয় দিবস উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ আজ সকালে সাভার জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতার জন্য আত্মোৎসর্গকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে পুস্পস্মৃতিক অর্পণ করেন। পরে সেখানে তিনি শহীদদের ঘৰণে কিছু সময় নীরবতা পালন করেন। এসময় উপচার্য মহোদয়ের সাথে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর, রেজিস্ট্রার জনাব এ. এস. মাহমুদ, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সিরাজ উদ্দিন আহমদ, উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা, সহকারী অধ্যাপক ড. জান্ডে আহমদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মহান বিজয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়াও সকাল ১০.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রচিত বই প্রদর্শনীর শুভ উদ্বোধন, আলোচনা সভা, মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা পাঠের আসরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিজয় দিবস আমাদের প্রেরণা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীরত্বগাথা আমাদের গৌরবের ইতিহাস। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সফলভাবে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। মাদরাসার শিক্ষক-শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করতে হবে। সকলকে স্বদেশ প্রেমিক হতে হবে। আলিম সমাজকে জাতির পিতার অবদান ঘৰণ রেখে তাঁর প্রতি অপরিসীম শ্রদ্ধা রাখতে হবে। শিক্ষা সম্প্রসারণসহ দেশের সার্বিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে আমাদেরকে কাজ করতে হবে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার, জনাব এস.এম. এহসান কবীর। তিনি বলেন, সর্বকালের সর্বশেষ বাণিজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর আহ্বানে সাড়া দিয়ে এবং যে প্রত্যয় ও অঙ্গীকার নিয়ে বাংলাদেশের বিজয় অজিত হয়েছে সেই প্রত্যয় ও অঙ্গীকার নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ গঠনে কাজ করে যেতে হবে। আজকের এই দিনে একান্তরের বীর শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জানাচ্ছি। মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার প্রশংসন কারো সাথে কোন আপোষ নয়। মুক্তিযুদ্ধের অঙ্গীকার আমরা যেন ভুলে না যাই। মুক্তির সংগ্রাম -এ মুক্তি বাস্তালি জাতির মুক্তি, অর্থনৈতিক মুক্তি, সামুক্তিক মুক্তি, সামাজিক মুক্তি।

আলোচনা সভার সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, জনাব এ. এস. মাহমুদ। অনুষ্ঠান শেষে মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।



অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।

স্বাক্ষরিত/-

(এ. এস. মাহমুদ)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়